## বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইনক এর
## ইফতার মাহফিল'২০১২ অনুষ্ঠিত

রকডেল পাবলিক স্কুলের হল রম্নমে গত ২৯ শে জুলাই রবিবার বিকেল ৪ টায় বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইনক এর ইফতার মাহফিল'২০১২ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এবং বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইংক এর যৌথ উদ্দোগে অনুষ্ঠিত এই  ইফতার মাহফিল এর শুরম্নতেই বাংলা স্কুলের ছাত্র-ছাত্রীবৃন্দ পবিত্র কুরআন শরীফ থেকে বেশকিছু তেলাওয়াত করে শুনায় এবং পরে ইফতার অনুষ্ঠিত হয়। রকডেল এলাকা সহ সিডনী'র বিভিন্ন এলাকা থেকে প্রচুর সংখ্যক বাংলাদেশী এই মাহফিলে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর প্রিন্সিপ্যাল ডঃ মোঃ হাবিব উলস্নাহ ইফতারের পুর্বে রমজান মাসের গুরম্নত্ব নিয়ে আলোচনা করেন। তিনি ছেলে-মেয়েদেরকে বাংলা স্কুলে পাঠানোর উপর গুরম্নত্ব আরোপ করেছেন। তিনি বলেন ধর্মীয় শিড়্গা করা সবার জন্য অপরিহার্য।

সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো উপস্থিত সবাইকে তাদের কন্ট্রিবিউশন এবং এই মাহফিলে উপস্থিত হয়ে অনুষ্ঠানটি সার্থক করে তোলার জন্য আন্ত্মরিক ভাবে ধন্যবাদ জানিয়েছেন।




ইফতার মাহফিল